

বানভাসি

- সীমা সেন

উদ্বেলিত যমুণা আজ বিক্ষিপ্ত  
টেউয়ের তোড়ে ভাঙ্গে দু'কুল  
ভাঙ্গে ঘর, ভাঙ্গে নতুন সংসার ।  
গোয়াল ঘরে কেদারের লাশ ভেসে উঠে  
মাছদের ভনভন শব্দ

দূবোধ্য গন্ধের অন্তরালে  
রক্তের স্রোত বানে মেশে ।

আমার ময়নার চোখে ক্ষুধার জ্বালা  
নিষ্পেষনের প্রতিফা শেষে  
দু'চোখ আবদ্ধ আজ চারিদিকে  
একটু অন্নের লোভে ।

এ তৃষ্ণার জ্বালা কি আর  
বানের জলে মেটে !

এই নিশিত অন্ধকারে  
পূর্নিমার চাঁদ আলো ছড়ায়  
তবুও আমার অমানিশা,  
অথৈ জলে হাবুডুবু খায়  
আমার ভাগ্যরেখা ।

কত দিন অন্ন জোটেনি আজ  
এই হাভাতের ঘরে ?  
ময়নার মা আজও কাঁদে ।

বিনিদ্র প্রতিফা শেষে  
একদিন জল শুকোয়,

আমার চোখের জল কখনও  
শুকোয় না,  
আমি যে সর্বকালের বানভাসি ।

সীমা সেন

০৩/০৯/২০০৭

জার্মানী ।